দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 0 8 AUG 2015
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৬ ...

# বোর্ড চেয়ারম্যানের অপসারণ দাবিতে নাগরিক সমাজ একাট্টা

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রাজশাহী শিক্ষা বোর্ড চেয়ারম্যানের অপসারণের দাবিতে এবার একাট্টা হয়েছে নাগরিক সমাজ। শিক্ষক, ছাত্র, অভিভাবক ও সমাজের বিভিন্ন স্তরের পেশাজীবীদের সমন্বয়ে গঠিত নাগরিক সমাজ বোর্ড চেয়ারম্যানের অপসারণ দাবিতে মহাসমাবেশের ডাক দিয়েছে।

আগামী ১০ আগস্ট নগরীর লক্ষীপুর মোড়ে এ মহাসমাবেশ অনুষ্ঠিত হবে। শুক্রবার বেলা ১১টায় রাজশাহী নগরীর শাহমখদুম কলেজের শিক্ষক মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় এ ঘোষণা দেয় নাগরিক সমাজ। সভায় সাংবাদিক মুস্তাফিজুর রহমান খানের সভাপতিত্বে বক্তব্য রাখেন, জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের জেলা আহ্বায়ক অধ্যক্ষ শফিকুর রহমান বাংলা, মহিলা পরিষদের সাধারণ সম্পাদক কল্পনা রায়, নাগরিক সমাজের সদস্য সচিব বাবু রাজকুমার সরকার, বঙ্গবন্ধু কলেজের উপাধ্যক্ষ কামরুজ্জামান, জুলফিকার আহমেদ গোলাপ। মতবিনিময় সভায় রাজশাহী বোর্ড চেয়ারম্যান ড. অধ্যাপক আবুল হায়াতকে প্রত্যাহার দাবি জানানো হয়।